

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্তি মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৫

স্মারক নং-২৫.০১৮.০০৫.০০২.০০.০০৯.২০১৬/

তারিখ: _____
শ্রাবণ ১৪২৪
জুলাই ২০১৭

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব শেখ ফয়সাল কবির, সহকারী প্রকৌশলী, গণপূর্তি রক্ষণাবেক্ষণ উপ-বিভাগ, খুলনায় কর্মরত থাকাকালীন যুক্তরাষ্ট্রে মাস্টাস ইন সিভিল ইঞ্জিনিয়ারিং কোর্সে অংশগ্রহণের জন্য মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ০২/০৮/২০১৩ তারিখ হতে ১৮/১২/২০১৫ তারিখ পর্যন্ত বিনা বেতনে অসাধারণ ছুটি নিয়ে বিদেশ গমন করেন। পরবর্তীতে যুক্তরাষ্ট্রে অবস্থান করে পিএইচডি করার জন্য ১৯/১২/২০১৫ তারিখ হতে ২০/০৫/২০২০ তারিখ পর্যন্ত ছুটির মেয়াদ বৃক্ষির জন্য আবেদন করেন, যা বিধি বহির্ভূত হওয়ায় গণপূর্তি অধিদপ্তর কর্তৃক বিবেচিত হয়নি। সে কারণে তার বিরুক্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) ও (সি) অনুযায়ী যথাক্রমে “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগে বিভাগীয় মামলা রূজু করে ০৯/০৬/২০১৬ তারিখে ২৫.০১৮.০০৫.০০২.০০.০১০.২০১৬-২২ড় নম্বর স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী রেজিস্টার্ড উইথ এডি যোগে অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের কোন জবাব প্রদান করেননি এবং ডাক বিভাগ হতে অভিযুক্তের ঠিকানায় প্রেরিত অভিযোগনামা ও অভিযোগ বিবরনী “প্রাপক বর্তমানে বিদেশ থাকায়” মন্তব্যসহ ফেরত পাওয়া যায়। ন্যায় বিচারের স্বার্থে সুস্থ তদন্তের আবশ্যকতা প্রতীয়মান হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য মোঃ রফিকুল ইসলাম (পরিচিতি নম্বর-৬৬৫৭), উপ সচিব, গৃহায়ন ও গণপূর্তি মন্ত্রণালয়কে আলোচ্য মামলার তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ০৯/০১/২০১৭ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদনে জনাব শেখ ফয়সাল কবির এর বিরুক্তে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) ও (সি) মোতাবেক যথাক্রমে “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, অভিযুক্তের বিরুক্তে রূজুকৃত বিভাগীয় মামলার নথি ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজ পর্যালোচনাতে তার বিরুক্তে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) ও (সি) মোতাবেক যথাক্রমে “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার বিধি ৪ এর ৩(ডি) অনুযায়ী “চাকরি হতে বরখাস্ত” (Dismissal from service) গুরুদন্ত প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে ২৫/০১/২০১৭ তারিখ দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কিন্তু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশেরও কোন জবাব প্রদান করেননি ;

যেহেতু, জনাব শেখ ফয়সাল কবির, সহকারী প্রকৌশলী, গণপূর্তি রক্ষণাবেক্ষণ উপ-বিভাগ, খুলনা-কে “চাকরি হতে বরখাস্ত” (Dismissal from service) করার গুরুদন্ত আরোপের প্রাথমিক সিদ্ধান্ত অপরিবর্তিত রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭ (৭) এবং বাংলাদেশ সরকারী কৰ্ম কমিশন কনসালটেশন রেগুলেশন, ১৯৭৯ এর ৬ নং রেগুলেশন মোতাবেক উক্ত গুরুদন্ত আরোপের বিষয়ে মতামত প্রদানের জন্য ০৬/০২/২০১৭ তারিখ বাংলাদেশ সরকারী কৰ্ম কমিশনকে অনুরোধ করা হয়। বাংলাদেশ সরকারী কৰ্ম কমিশন হতে জনাব শেখ ফয়সাল কবির-কে “চাকরি হতে বরখাস্ত” (Dismissal from service) গুরুদন্ত আরোপের কর্তৃপক্ষের প্রস্তাবের সাথে একমত পোষণ করা হয়;

(১)

পৃষ্ঠা- ৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রধান প্রকৌশলীর কার্যালয়
 গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা
 সংস্থাপন শাখা-৩
 ফোনঃ ৯৫৬২৭৯৫, ফটোঃ ৮৮০-২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd

স্মারক নং-স-৩/পি-২৫.৩৬.০০০০.২১৩.২৭.৩.২৫৯/১৬/

তাঁ-২২ শ্রাবণ/১৪২৪ বঙ্গাব্দ
০৮ আগস্ট/২০১৭ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, খুলনা গণপূর্ত জোন, খুলনা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা গণপূর্ত সার্কেল, খুলনা।
- ৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা।
- ৪। ~~নির্বাহী প্রকৌশলী~~, খুলনা গণপূর্ত বিভাগ-২, খুলনা।
- ৫। ~~নির্বাহী প্রকৌশলী~~, এম, আই এস সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৬। জনাব শেখ ফয়সাল কবির, উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত রক্ষনাবেক্ষন উপ-বিভাগ, খুলনা। বর্তমান ঠিকানা- ফ্ল্যাট-১/বি, ৭১২/১, পশ্চিম শেওড়াপাড়া, হাজী আমিনুল্লাহ রোড, মিরপুর, ঢাকা।
- ৭। স্থায়ী ঠিকানা- জনাব শেখ ফয়সাল কবির, পিতা- শেখ আব্দুল ওয়াদুদ, গ্রাম- উত্তর বরঞ্জবাগান, ডাকঘর-যাদবপুর, থানা- শর্শা, জেলা- যশোর।
- ৮। তত্ত্বাবধায়ক, সংস্থাপন শাখা-১, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

(মোঃ নজিবুর রহমান)
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ৯৫৬০৯৯৯

se.est@pwd.gov.bd